



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৮-৪৬(২৪৬)

তারিখ : ১৩.১০.২০১৯

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : ফরেন রেমিট্যান্স পরিশোধের Trend বৃদ্ধির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ-বছরের লক্ষ্যমাত্রা অর্জন।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কর্মসংস্থান ব্যাংকে ০৭.০৩.২০১৭ তারিখ হতে এনসিসি ব্যাংকের সাব-এজেন্ট হিসেবে ফরেন রেমিট্যান্স ডেলিভারী কার্যক্রম শুরু করা হয়। সেবামূলক সরকারী এ কার্যক্রমে অংশগ্রহণ করায় দেশে-বিদেশে ব্যাংকের প্রচার, সুনাম ও পরিচিতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। কিন্তু শাখার রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, ২০১৬-১৭ ও ২০১৭-২০১৮ অর্থ-বছরের তুলনায় ২০১৮-২০১৯ অর্থ-বছরে রেমিট্যান্স পরিশোধের Trend ঋণাত্মক ছিল, যা ২০১৯-২০ অর্থ-বছরে এসে অধিকতর ঋণাত্মক এর দিকে ধাবিত হচ্ছে। রেমিট্যান্স পরিশোধের Trend নিম্নগতি হওয়ার কারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ হতাশা ও ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।

০৩। ২০১৯-২০২০ অর্থ-বছরে প্রতিটি শাখার মাসিক রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা ১৫ (পনের)টি করে নির্ধারণ করে দেয়া হয়েছে, কোন শাখা মাসিক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। এমনকি ২০১৯-২০২০ অর্থ-বছরে ৯১ (একানব্বই)টি শাখা একটিও রেমিট্যান্স পরিশোধ করেনি, এরমধ্যে পীরগঞ্জ শাখা, ঠাকুরগাঁও ও পীরগঞ্জ শাখা, রংপুর শুরু থেকে এ পর্যন্ত একটিও রেমিট্যান্স পরিশোধ করেনি; যা অগ্রহণযোগ্য।

০৪। এমতাবস্থায়, রেমিট্যান্স পরিশোধের Trend বৃদ্ধি করে ২০১৯-২০২০ অর্থ-বছরের ডিসেম্বর, ২০১৯ মাসের মধ্যে ০৬ (ছয়) মাসের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করার এবং জানুয়ারী, ২০২০ মাস হতে মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী রেমিট্যান্স পরিশোধ করে ২০১৯-২০২০ অর্থ-বছরের রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সকল শাখাকে নির্দেশ দেয়া হলো।

০৫। ২০১৯-২০২০ অর্থ-বছরের রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা-কর্মচারীগণকে জবাবদিহিতার আওতায় আনা হবে।

বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

(মোঃ আলা উদ্দিন)

উপ-মহাব্যবস্থাপক

ফোন নং-৯৫১৫৩৩৪

তারিখ : ১৩

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৮-৪৬(২৪৬)(৪০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- ৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক; আওতাধীন শাখাসমূহের রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিস নথি।

২৬/১০/২০১৯

(প্রদীপ কুমার মজুমদার)

সহকারী মহাব্যবস্থাপক